# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তাতবীক (দুই হাতকে মুষ্টিবদ্ধ করে দুই হাঁটুর মাঝে রাখা) প্রথম দিকে বৈধ ছিল, তারপর হাত দুই হাঁটুর উপর রাখার নির্দেশ দেওয়া হয়

ذِكْرُ الْأَمْرُ بِوَضْعِ الْيَدَيْنُ عَلَى الرُّكْبَتَيْنِ فِي الرُّكُوعُ بَعْدَ أَنْ كَانَ التَّطْبِيقُ مُبَاحًا لَهُمْ استعماله

---

আরবী

1879 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي يَعْفُورٍ قَالَ: سَمِعْتُ مُصْعَبَ بْنَ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ يَقُولُ: صَلَّيْتُ إِلَى جَنْبِ أَبِي فطبَّقت بَيْنَ كَفَّيَّ ثُمَّ وَضَعْتُهُمَا بَيْنَ فَخِذَيَّ فَنَهَانِي عَنْ ذَلِكَ وَقَالَ: كُنَّا نَفْعَلُ هَذَا فنُهينا عَنْهُ وأُمرنا أَنْ نَضَعَ عَلَى الرُّكَبِ.

الراوي : مُصْعَب بْن سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1879 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (813)

বাংলা

১৮৭৯. মুস‘আব বিন সা‘দ বিন আবী ওয়াক্কাস বলেন, “একবার আমি আমার বাবার পাশে সালাত আদায় করি। অতঃপর আমি আমার দুই হাতের তালূকে মুষ্টিবদ্ধ করি তারপর তা দুই উরুর মাঝে রাখি। তখন আমার বাবা আমাকে এরকম করতে নিষেধ করেন এবং বলেন, “আমরা এরকম করতাম। অতঃপর এরকম করতে আমাদের নিষেধ করা হয় এবং আমাদেরকে হাঁটুর উপর হাত রাখতে নির্দেশ দেওয়া হয়।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৭৩৩; মুসনাদ্ ইমাম শাফে‘ঈ: ১/৯২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩১৩৫; হুমাইদী: ৮৯৬; মুসনাদ আহমাদ: ৫/৮৬; আবূ দাঊদ: ৯৯৮; নাসাঈ: ৩/৪-৫; তাবারানী আল কাবীর: ১৮৭৭; বাগাবী,

শারহুস সুন্নাহ: ৬৯৯; মুসনাদ আহমাদ: ৫/১০১; সহীহ মুসলিম: ৪৩০; নাসাঈ: ৩/৪; সুনান বাইহাকী: ২/২৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সা’দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91095

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন